# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

**Website:** www.sylhetboard.gov.bd

**স্মারক নং: সিশিবো/পনি/২০২৫/৭৩৫** **তারিখ: ০১ জুলাই ২০২৫ খ্রি.**

**বিষয়: এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা (Setter) ও পরিশোধনকারী (Moderator) তৈরি লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিষয়ভিত্তিক শিক্ষকবৃন্দের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

**সূত্র: স্মারক নম্বর: আশিবো/প্রশা/২০১০/৬০ তারিখ: ২৯/০৬/২০২৫ খ্রি.**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট'র অধীন অ্যাকাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয় প্রধানগণকে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা (**Setter**) ও পরিশোধনকারী (**Moderator**) তৈরি লক্ষ্যে বিষয়ভিত্তিক শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির তত্ত্বাবধানে বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালনা করবে। প্রশিক্ষণের বিষয়সমূহ হচ্ছে-
১. বাংলা ১ম পত্র ২. গণিত ৩. ইসলাম ও নৈতিক শিক্ষা ৪. হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা ৫. বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা ৬. খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা ৭. বিজ্ঞান ৮. বাংলাদেশ ও বিশ্ব পরিচয় ৯. গার্হস্থ্য বিজ্ঞান ১০. বাংলাদেশের ইতহাস ও বিশ্ব সভ্যতা ১১. পৌরনীতি ও নাগরিকতা ১২. অর্থনীতি ১৩. কৃষি শিক্ষা ১৪. ভূগোল ও পরিবেশ ১৫. রসায়ন ১৬. পদার্থবিজ্ঞান ১৭. জীববিজ্ঞান ১৮. উচ্চতর গণিত ১৯. ফিন্যান্স ও ব্যাংকিং ২০. হিসাব বিজ্ঞান এবং ২১. ব্যবসায় উদ্যোগ।

**প্রশিক্ষণের জন্য শিক্ষক মনোনয়নের ক্ষেত্রে বিবেচ্য মানদণ্ডসমূহ:**

১. এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে ২টি ১ম বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে।
২. সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানে ন্যূনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা।
৩. বিদ্যালয়ের অভ্যন্তরীণ পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের অভিজ্ঞতা।
৪. আবেদনকারীর বয়স ৩০/০৬/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত সর্বোচ্চ ৪৪(চুয়াল্লিশ) বছর।
৫. সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের উপর ১২(বারো) দিনের প্রশিক্ষণ আছে- এমন শিক্ষকগণকে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মনোনয়ন দেয়া যাবে না।

উল্লিখিত মানদণ্ডেরভিত্তিতে বর্ণিত বিষয়ে কমপক্ষে ১(এক) জন শিক্ষক নির্বাচন করে আগামী ০৭/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রশিক্ষণার্থীগণের নামে তালিকা নিম্নস্বাক্ষরকারীর ইমেইলে "ছক" আকারে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | নাম ও পদবী | বিষয় | প্রতিষ্ঠানের ঠিকানা, মোবাইল নম্বর ও ইমেইল |
|---|---|---|---|
| | | | |

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০১/০৭/২০২৫

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
**ফোন: ০২৯৯৬৬৪৩৫৩৫**
**Email:** sbcontroller16gmail.com

01.07.2025

**প্রাপক:**

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট'র আওতাধীন অ্যাকাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি:**

১। সভাপতি, বাংলাদেশ আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৩। অফিস কপি।